2nd Sem ABK PHIA - CC 4

বস্তুবাদ (যা জাতির বস্তুসমূহের অস্তিত্ব অস্বীকার করা এবং নির্ভর করে না)

সরল বস্তুবাদ | প্রতিরূপী বস্তুবাদ

সরল বস্তুবাদ অনুসারে জ্ঞানের বিষয়ের যেমন নিজস্ব নিরপেক্ষ অস্তিত্ব আছে তেমনি সেই বিষয়গুলিরও মন নিরপেক্ষ অস্তিত্ব আছে এবং মন সম্পর্কিত জ্ঞানের বিষয়কে আমরা সরাসরিভাবে প্রত্যক্ষ করে তার স্বরূপ জানতে পারি।

প্রতিরূপী বস্তুবাদ

অভিজ্ঞতাবাদী দার্শনিক জন লক হলেন প্রতিরূপী বস্তুবাদের প্রধান প্রবক্তা। প্রতিরূপী বস্তুবাদ অনুসারে জ্ঞানের বিষয়ের মন-নিরপেক্ষ অস্তিত্ব থাকলেও তার সব গুণ বস্তুগত নয়, কিছু গুণ মনোজাপেক্ষ। জ্ঞানের বিষয়কে আমরা সরাসরিভাবে জানতে পারি না, জানি পরোক্ষভাবে — বস্তুর প্রতিরূপের মাধ্যমে বা প্রতিরূপের মাধ্যমে।

লকের মতে জড়বস্তুর মন-নিরপেক্ষ অস্তিত্ব থাকলেও আমাদের বস্তুজ্ঞান পরোক্ষজ্ঞান — তাকে আমরা জানি মুখ্যগুণ ও গৌণগুলের ধারণার মাধ্যমে। লক তাঁর বিখ্যাত অনুসারে বস্তুর গুণকে দুভাগে ভাগ করেছেন — মুখ্যগুণ ও গৌণগুণ। মুখ্যগুণ হল বস্তুর নিজস্ব গুণ যা সেই প্রত্যক্ষ করুক বা না করুক, বস্তুতে আশ্রয় করে থাকে, যা সব জড়বস্তুর সাধারণ ধর্ম এবং যাকে বস্তুকে বিচ্ছিন্ন করা যায় না। মুখ্যগুণ হল সেই সব ধর্ম যার পরিমাপ সম্ভব। যেমন — বিস্তার, আকার, অবস্থান, গতি, ভর ইত্যাদি।

অপরদিকে গৌণগুণ বস্তুর নিজস্ব গুণ নয়, গৌণগুণ আমাদের ইন্দ্রিয় অভিজ্ঞতার উপর নির্ভর করে। বস্তুর রং, গন্ধ, স্বাদ, উষ্ণতা ইত্যাদি হল গৌণগুণ। এসব গুণের অনুভব আমাদের মনের হয়, চিত্ত যেভাবে তাকে বস্তুতে আরোপ করে। স্থান-কাল-পাত্র-ভেদে এদের অনুভব আবার ভিন্ন ভিন্ন হয়। উদাহরণ — আলোকে যাকে নীল দেখায়, অন্ধকারে তাকে দেখায় কালো, আলোকে যা বেগুনি দেখায় অন্ধকারে সেটা রংই দেখা যায় না। মুখ্যগুণের ধারণার সাথে বস্তুধর্মের সাদৃশ্য বা মিল আছে। কিন্তু গৌণগুণের ধারণার সাথে বস্তুধর্মের মিল বা সাদৃশ্য থাকে না।

লকের প্রতিরূপী বস্তুবাদের সারকথা হল — আমরা সরাসরি বা প্রত্যক্ষ করি তা হল বস্তুধর্মের ধারণা — মুখ্যগুণ গৌণগুলের ধারণা, বস্তুর পরিবর্তে আমরা সরাসরি বস্তুধর্মের মাধ্যমে বস্তুর প্রতিরূপ বা ধারণা বা মনশ্চিত্রকেই জানি। ধারণা হল বস্তুর তথা বস্তুধর্মের প্রতীক বা প্রতিরূপ, প্রতিরূপের সাথে বস্তুধর্মের মিল না থাকলে বস্তুজ্ঞান ভ্রমাত্মক হয় এবং প্রতিরূপের সাথে বস্তুধর্মের মিল থাকলে বস্তুজ্ঞান সত্য হয়। এইজন্যই লকের বস্তুবাদকে প্রতিরূপী বস্তুবাদ বা প্রতীকবাদ বলা হয়। মুখ্য ও গৌণগুণের ধারণার অনুভব হয় না একটি আবশ্যক থাকে। গুণগুলির অনুভব হলেও আধারের অনুভব হয় না গুণের এই অজ্ঞাত আধারকেই লক 'জড়দ্রব্য' বলেছেন। লকের মতে জড়দ্রব্য প্রত্যক্ষ গোচর অর্থাৎ জ্ঞাত গুণসমূহের ভিত্তিস্বরূপ, কিন্তু অজ্ঞাত আধার।

Scanned with CamScanner